

বাংলাদেশে রোহিঙ্গা ত্রাণ কর্মসূচিতে গ্র্যান্ড বারগেন প্রতিশ্রুতির প্রতিফলন

## একটি স্থায়িত্বশীল পদ্ধতির দিকে অগ্রযাত্রা

পরিচালন ব্যয়হ্রাস, স্থানীয় কর্তৃপক্ষের কাছে দায়বদ্ধতা, এবং স্থানীয় সংস্থার সাথে অংশীদারিত্ব

বাংলাদেশে আসন্ন রোহিঙ্গা ত্রাণ কর্মসূচিতে যুক্ত করার জন্য ১০টি সুপারিশ

কর্মবাজার ও ঢাকায় অনুষ্ঠিত দুটি প্রথক গণসংলাপে অংশগ্রহণ করা স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সংগঠনের বিশিষ্ট প্রতিনিধিদের মন্তব্য ও প্রকাশিত গবেষণাপত্র অধ্যয়ন করে আসন্ন দিনগুলোতে রোহিঙ্গা (বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমারের নাগরিক) ত্রাণ কর্মসূচিতে যুক্ত করার জন্য আমরা নিম্নোক্ত ১০টি সুপারিশ সবার বিবেচনার জন্য উপস্থাপন করছি।

- (১) যৌথ সাড়া ধনান পরিকল্পনা বা জেআরপিকে একটি চলমান দলিল হিসেবে বিবেচনা করা উচিত। অর্থাৎ এই দলিলে যেন সময় এবং প্রয়োজন মতো নতুন সমস্যা চিহ্নিত করা ও সমাধানের কোশল যুক্ত করা যায়। গুরুত্বপূর্ণ এই দলিলটিকে গ্র্যান্ড বারগেন প্রতিশ্রুতির সাপেক্ষ পুনর্বিবেচনা করা উচিত। বর্তমানে এতে এসব প্রতিশ্রুতির প্রতিফলন খুব কমই রয়েছে।
- (২) স্থানীয় সরকারের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করে আইএসসিজি-র নেতৃত্ব শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের (আরআরআরসি) মাধ্যমে বাংলাদেশ সরকারকেই নিতে হবে। এভাবেই এটি সম্পদের অপচয় রোধ এবং সেবার মান বজায় রাখতে সহায়তা করবে।
- (৩) কার্যকর যোগাযোগ ও সমন্বয় প্রতিষ্ঠার জন্য মানবিক সহায়তা কর্মসূচিতে সম্পৃক্ত সকল বিদেশি কর্মকর্তাকে স্থানীয় ভাষা এবং সংস্কৃতির উপর ধারণা নিতে হবে। যেহেতু জাতিসংঘসহ বেশিরভাগ আন্তর্জাতিক সংস্থাতেই বাংলাদেশী কর্মী আছে, মাঠ পর্যায়ে সকল যোগাযোগ হতে হবে বাংলায়। কর্মবাজারের সব সভা একটি নির্ধারিত দিনে অনুষ্ঠিত হতে হবে। আচমকা ও ঘন ঘন সভা আহ্বানের প্রবণতা বন্ধ করতে হবে। তাহলে এটি আইএসসিজিতে এবং এ সংক্রান্ত কাজের পরিকল্পনায় স্থানীয় এনজিও এবং স্থানীয় সরকার প্রতিনিধিদের সহজ প্রবেশাধিকার নিশ্চিত করবে।
- (৪) আইএনজিও এবং জাতিসংঘের সকল সংস্থাকে আইএটি নীতিমালা অনুযায়ী তাদের সকল কার্যক্রমের তথ্য ও আর্থিক হিসাব তাদের ওয়েবসাইটে স্থানীয় ভাষায় প্রকাশ করতে হবে। তাদের লেনদেনের খরচ, বিশেষত ওভারহেড এবং ব্যবস্থাপনা খরচের বিষয়ে জনসাধারণের মনে অনেক প্রশ্ন রয়েছে।
- (৫) মানবিক সহায়তা কর্মকাণ্ডে স্থানীয় সম্পদায় এবং রোহিঙ্গাদের অংশগ্রহণ নিশ্চিত করার সুনির্দিষ্ট পদ্ধতি থাকতে হবে। সবার জন্য সহজে ব্যবহার করা যায় এমন অভিযোগ নিষ্পত্তি নীতিমালাও থাকতে হবে।
- (৬) জাতিসংঘ সংস্থাগুলির জন্য একটি একক লজিস্টিক কেন্দ্র থাকবে। যেমন সবার জন্য একটি সাধারণ পরিবহন পুল থাকতে পারে। আইএনজিও সহ সকলেই স্থান থেকে সেবা গ্রহণ করতে পারে। এই সরবরাহ ও সমন্বয় ব্যবস্থার সুযোগ নেওয়ার জন্য স্থানীয় এনজিও এবং সরকারি কার্যালয়কেও আহ্বান করা যেতে পারে। এতে যেমন বিপুল পরিমাণ ব্যবস্থাপনা ব্যয়হ্রাস পাবে তেমনি সাহায্য সংস্থাগুলির ভাবুর্তি উন্নত হতে পারে।
- (৭) জাতিসংঘ এবং আইএনজিওগুলিকে সরাসরি কর্মসূচি বাস্তবায়ন থেকে সরে আসতে হবে। তারা তুলনামূলকভাবে অনেক কম খরচে স্থানীয় এনজিও ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর সঙে অংশীদারিত্বের ভিত্তিতে কর্মসূচি বাস্তবায়ন করতে পারে। এতে যেমন বিপুল পরিমাণ ব্যবস্থাপনা ব্যয়হ্রাস পাবে তেমনি সাহায্য সংস্থাগুলির ভাবুর্তি উন্নত হতে পারে।
- (৮) আইএনজিও এবং জাতিসংঘ সংস্থাগুলোকে অবিলম্বে নিয়োগ, ক্ষতিপূরণ প্রদান এবং মূল্য নির্ধারণের জন্য একটি একক ও সমন্বিত কাঠামো তৈরি করতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করতে হবে:
  - ছাত্র ও শিক্ষকদের কোনও কর্মসূচিতে নিয়োগ দেওয়া উচিত নয়।
  - এক পরিবার থেকে একজনের বেশি সদস্যকে কাজে নিয়োগ দেয়া ঠিক হবে না।
  - পূর্ববর্তী নিয়োগকর্তার কাছ থেকে ছাড়পত্র বা অনাপত্তি পত্র ছাড়া কোনো নিয়োগ দেওয়া যাবে না।
  - স্থানীয় এনজিওতে কমপক্ষে দুই বছর কাজ করেছে এমন কর্মীকে আইএনজিও বা জাতিসংঘ সংস্থায় নিয়োগ দিতে হলে স্থানীয় এনজিওকে ক্ষতিপূরণ দিতে হবে।
  - সব সংস্থাকেই কোনও কর্মীকে নিয়োগ দেওয়ার আগে যাচাই করে নিতে হবে যে ঐ কর্মীর বিরুদ্ধে কোনও পুলিশ মামলা আছে কিনা।
- (৯) স্থানীয় সম্পদায় ও রোহিঙ্গাদের জন্য একই ধরনের শ্রমমূল্য নির্ধারণ করতে হবে। এই বিষয়ে কোন বৈষম্য থাকা উচিত নয়।
- (১০) ২০১৭ সালের শেষ চতুর্থাংশ পর্যন্ত, প্রায় ৩,০০০ জন বিদেশি ব্যক্তি আইএনজিও এবং জাতিসংঘ সংস্থায় রোহিঙ্গা ত্রাণ কর্মসূচির সঙ্গে সম্পৃক্ত। এই সংখ্যা মাঠ পর্যায়ে চাহিদা ও প্রয়োজন অনুযায়ী কি না তা প্রশ্নসাপেক্ষ। এত ব্যাপক বিদেশির উপস্থিতি নিরাপত্তা নিয়ে সরকারী সংস্থাগুলোর মধ্যে এক ধরনের উদ্দেগ তৈরি করেছে।

Secretariat: COAST Trust

Cox's Bazar Management and Training Centre:

75 Light House Road, Kolatoli, Cox's Bazar. Phone: 03641-63186

Principal Office: Metro Melody (1st floor), House 13, Road 2, Shamoly,  
Dhaka 1207, Tel : +8802-58150082, 9118435 e-mail : info@coastbd.net

web: [www.coastbd.net/](http://www.coastbd.net/) / [www.cxb-cso-ngo.org](http://www.cxb-cso-ngo.org)

